



## ‘উচ্চশিক্ষায় ন্যূনতম ব্যয় শিক্ষার্থীদের নির্বাহ করা উচিত’

প্রকাশিত: ১৪ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

জবি সংবাদদাতা ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) উপাচার্য বলেছেন, শিক্ষা ব্যয় নির্বাহের জন্য অর্থের প্রয়োজন। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উচ্চশিক্ষার জন্য ন্যূনতম ব্যয় নিজেদের নির্বাহ করা উচিত। এজন্য শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন কাজে সংশ্লিষ্ট থাকা দরকার। এতে শিক্ষার্থীদের দক্ষতাও বৃদ্ধি পাবে এবং অর্থের অভাবও দূর হবে। তবে কোন কাজকে ছোট মনে করা উচিত নয়। এজন্য মানসিক ও মনস্তাত্ত্বিক পরিবর্তন আনা জরুরী। বুধবার বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এবং মৈত্রী সমাজকল্যাণ সংঘের উদ্যোগে সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও মেধাবী শিক্ষার্থীদের ২য় কিস্তির শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এসব কথা বলেন। তবে এ অনুষ্ঠানে ৩৩ জনকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতুক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

